

B.A. 3rd Semester (General) Examination, 2019 (CBCS)

বিষয় : বাংলা

পত্র : GE-3/CC-IC

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) দুজন চর্যাপদ রচয়িতার নাম লেখো।
 (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রধান চরিত্রগুলির নাম লেখো।
 (গ) বাংলা রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদক কে? এই গ্রন্থের শেষ দুটি কাণ্ডের নাম লেখো।
 (ঘ) কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী কোন সময়ের লোক ছিলেন? তাঁর লেখা চণ্ডীমঙ্গল কাব্যটির নাম কী?
 (ঙ) চৈতন্য পরবর্তী দুজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
 (চ) ভারতচন্দ্র কার সভাকবি ছিলেন? ভারতচন্দ্রের উপাধি কী ছিল?
 (ছ) 'বেতাল পঞ্চবিংশতি' কার লেখা? এটি মূল কোন গ্রন্থকে অবলম্বন করে লেখা?
 (জ) ফোর্ট উইলিয়াম কলেজ কে প্রতিষ্ঠা করেন? এই কলেজের দুজন লেখকের নাম লেখো।
 (ঝ) বিজন ভট্টাচার্যের লেখা দুটি নাটকের নাম লেখো।
 (ঞ) 'বিষ্ণুমঙ্গল ঠাকুর' কার লেখা? তাঁর লেখা প্রথম সামাজিক নাটকের নাম লেখো।
 (ট) 'চার অধ্যায়' গ্রন্থের প্রকাশকাল উল্লেখ করে এই গ্রন্থের দুটি চরিত্রের নাম লেখো।
 (ঠ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর লেখা দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
 (ড) 'বড়দিদি' কার লেখা? এই লেখকের আর একটি উপন্যাসের নাম লেখো।
 (ঢ) 'শেষের কবিতা' কী ধরনের গ্রন্থ? এই গ্রন্থের একটি পুরুষ চরিত্রের নাম লেখো।
 (ণ) 'দেনাপাওনা' গল্পের নায়িকার নাম কী? রবীন্দ্রনাথের লেখা একটি অতিপ্রাকৃত গল্পের নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথি প্রথম কোথা থেকে প্রকাশিত হয়? এই কাব্যের সাহিত্যমূল্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+৪=৫
 (খ) 'চণ্ডীদাস সমস্যা' বলতে কী বোঝায় —আলোচনা করো। ৫
 (গ) 'দ্বিতীয় বিদ্যাপতি' কাকে বলা হয়? অভিসারের পদ রচনায় তাঁর কৃতিত্ব সংক্ষেপে লেখো। ১+৪=৫
 (ঘ) রামমোহন রায় কোথায় জন্মেছিলেন? বাংলা গদ্যরচনায় তাঁর কৃতিত্ব সম্পর্কে সংক্ষেপে লেখো। ১+৪=৫
 (ঙ) প্রকৃতির চিত্র অঙ্কনে জীবনানন্দ দাশের কবিকৃতিত্ব সম্পর্কে আলোচনা করো। ৫
 (চ) নাট্যসাহিত্যে বিজন ভট্টাচার্যের অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) বিদ্যাপতি কোথাকার কবি ছিলেন? বৈষ্ণবপদ রচনায় তাঁর কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো। ১+৯=১০
- (খ) মহাভারতের শ্রেষ্ঠ বাংলা অনুবাদক কে? তিনি কোথায় জন্মগ্রহণ করেন? মহাভারত রচনায় তিনি যে বিশিষ্টতার পরিচয় দিয়েছেন তা আলোচনা করো। ১+১+৮=১০
- (গ) 'মায়াকানন' নাটকটি কে রচনা করেন? বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে এই নাটক রচয়িতার কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো। ১+৯=১০
- (ঘ) বঙ্কিমচন্দ্রের জন্ম-মৃত্যুর সাল লেখো। উপন্যাস রচনায় তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ২+৮=১০
-